

# 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৪৫৩

৪/ আন্তরিক কর্মাবলী

পরিচ্ছেদঃ আল্লাহর দয়ার আশা রাখার গুরুত্ব

### আরবী

وَعَنْهُ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللهِ عَلَيْ يَقُولُ جَعَلَ اللهُ الرَّحْمَةَ مِثَةَ جُزْءٍ فَأَمْسَكَ عَندَهُ تِسْعَةً وَتِسْعِينَ وَأَنْزَلَ فِي الأَرْضِ جُزْءاً وَاحِداً فَمِنْ ذَلِكَ الجُزءِ يَتَزَاحَمُ الخَلائِقُ حَتَّى تَرْفَعَ الدَّابَةُ حَافِرَهَا عَن وَلَدِهَا خَشْيَةَ أَنْ تُصِيبَهُ وَهِي رِوَايَةٍ إِنَّ للهِ تَعَالَى مئَةَ رَحَمَةٍ أَنْزَلَ مِنْهَا رَحْمَةً وَاحِدَةً بَيْنَ الجِنِ وَالإِنسِ وَالبهائِمِ وَهِي رِوَايَةٍ إِنَّ للهِ تَعَالَى مئَةَ رَحَمَةٍ أَنْزَلَ مِنْهَا رَحْمَةً وَاحِدَةً بَيْنَ الجِنِ وَالإِنسِ وَالبهائِمِ وَالهَوامِّ فَبِهَا يَتَعَاظَفُونَ وبِهَا يَتَرَاحَمُونَ وبِهَا تَعْطِفُ الوَحْشُ عَلَى وَلَدِهَا وَأُخَّرَ اللهُ وَالْهَوامِ فَبِها وَتِسْعِينَ رَحْمَةً يرْحَمُ بِهَا عِبَادَهُ يَوْمَ القِيَامَة مُتَّفَقٌ عَلَيهِ وَرَوَاهُ مُسلِمٌ أَيضاً مِنْ رِوايَةٍ سَلْمَانَ الفَارِسِيِّ قَالَ : قَالَ رَسُولُ اللهِ عَلَيْ إِنَّ للهِ تَعَالَى وَرَواهُ مُسلِمٌ أَيضاً مِنْ رِوايَةٍ سَلْمَانَ الفَارِسِيِّ قَالَ : قَالَ رَسُولُ اللهِ عَلَيْ إِنَّ للهِ تَعَالَى مَنْ مَنْ مَنْ مَنْ اللهِ عَلَيْ إِنَّ للهِ تَعَالَى وَيُومَ خَلَقَ السَّمَاوَاتِ وَالأَرْضَ مَتَّةَ رَحْمَةٍ كُلُّ رَحْمَةٍ فَولِكَ أَي اللهَ تَعَالَى خَلَقَ السَّمَاوَاتِ وَالأَرْضَ مَتَّةَ رَحْمَةً فَلِهَا تَعْطَفُ الوَالِدَةُ عَلَى وَلِهُ الوَيَامَةِ أَكُنُ رَحْمَةً فَلِهَا تَعْطَفُ الوَالِدَةُ عَلَى وَلَيْهَا فَي الأَرْضِ رَحْمَةً فَلِهَا تَعْطَفُ الوَالِدَةُ عَلَى وَلَدِهَا وَالوَحْشُ وَالوَالِمَةً أَكُولُوا وَلُومُ الوَيَامَةِ أَكُومُ الوَيَامَةِ أَكُمُلَهَا بِهِذِهِ الرَّومَ وَلَكُولُ وَلَمُ الْوَيَامَةِ أَكُومُ الوَيَامَةِ أَكُومُ الوَيَامَةِ أَلُومُ الرَّولُ وَلَيْمَ وَلَوْلُ وَلَا مُعْمُ الْفَالِي وَلَوْلُومُ الْوَيَامُ الْوَلِهُ الْوَلِولُ الْهِ الْوَلِي الْوَالِولُومُ الْمُؤْمِ الْوَلُولُ وَلَا مُنْ الْمَالَ الْوَالِولَ الْوَلَولُولُ اللهُ الْوَلِي الْمُلْهُ الْوَلِولُونُ اللهُ الْوَلُولُ الْمُؤْلُولُ الْمَالِ اللهُ الْمُؤْمُ الْوَلُومُ الْمَالَ

#### বাংলা

(৪৫৩) উক্ত সাহাবী (রাঃ) থেকেই বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, আল্লাহ রহমতকে একশ ভাগ করেছেন। তার মধ্যে নিরানব্বই ভাগ তিনি নিজের কাছে রেখে দিয়েছেন। আর পৃথিবীতে একভাগ অবতীর্ণ করেছেন। ঐ এক ভাগের কারণেই সৃষ্টজগৎ একে অন্যের উপর দয়া করে। এমনকি জন্তু তার বাচ্চার উপর থেকে পা তুলে নেয় এই ভয়ে যে, সে ব্যথা পাবে।

অন্য এক বর্ণনায় আছে, নিশ্চয় আল্লাহর একশটি রহমত আছে, যার মধ্য হতে একটি মাত্র রহমত তিনি মানব-দানব, পশু ও কীটপতঙ্গের মধ্যে অবতীর্ণ করেছেন। ঐ এক ভাগের কারণেই (সৃষ্টজীব) একে অপরকে মায়া করে, তার কারণেই একে অন্যকে দয়া করে এবং তার কারণেই হিংস্র জন্তুরা তাদের সন্তানকে মায়া করে থাকে। বাকী নিরানব্বইটি আল্লাহ পরকালের জন্য রেখে দিয়েছেন, যার দ্বারা তিনি কিয়ামতের দিন আপন বান্দাদের উপর রহম



#### করবেন।

এ হাদীসটিকে ইমাম মুসলিমও সালমান ফারেসী (রাঃ) থেকে বর্ণনা করেছেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, নিশ্চয় আল্লাহ তা'আলার একশটি রহমত আছে, যার মধ্য হতে মাত্র একটির কারণে সৃষ্টিজগৎ একে অন্যের প্রতি দয়া প্রদর্শন করে। আর নিরানব্বইটি (রহমত) কিয়ামতের দিনের জন্য রয়েছে।

অন্য এক বর্ণনায় আছে, আল্লাহ তা'আলা আসমান যমীন সৃষ্টি করার দিন একশটি রহমত সৃষ্টি করলেন। প্রতিটি রহমত আসমান ও যমীনের মধ্যস্থল পরিপূর্ণ (বিশাল)। অতঃপর তিনি তার মধ্য হতে একটি রহমত পৃথিবীতে অবতীর্ণ করলেন। ঐ একটির কারণেই মা তার সন্তানকে মায়া করে এবং হিংস্র প্রাণী ও পাখীরা একে অন্যের উপর দয়া করে থাকে। অতঃপর যখন কিয়ামতের দিন হবে, তখন আল্লাহ এই রহমত দ্বারা সংখ্যা পূর্ণ করবেন।

## ফুটনোট

(বুখারী ৬০০০, মুসলিম ৭১৪৮-৭১৫১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন